

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[মূল্য সংযোজন কর]  
আদেশ

তারিখ, ৯ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৩ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

নং ২২/মূসক/২০১৪—যেহেতু, বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) কর্তৃক চুক্তি নং ২৬৬৯/২০১৪ এর অধীনে আর্জেন্টিনা হইতে আমদানিকৃত ২,০০০ (দুই হাজার) মেঃ টন রিফাইন্ড সয়াবিন তেল প্রতিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া টিসিবি কর্তৃক সরাসরি সর্বসাধারণ, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয়, ট্রেড ও ডিলিং লাইসেন্স হোল্ডারদের নিকট বিক্রয়ের ক্ষেত্রে ৪% হারে ব্যবসায়ী পর্যায়ের মূল্য সংযোজন কর (মূসক) প্রযোজ্য রাখিয়াছে;

যেহেতু, টিসিবি কর্তৃপক্ষ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার মূল্যের স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থে এবং স্বল্পমূল্যে ক্রেতা সাধারণের নিকট উক্ত পণ্য পৌছানোর লক্ষ্যে সহায়ক ভূমিকা পালন করিতেছে, যাহা নিত্যপ্রয়োজনীয় ভোগ্য পণ্যের বাজার মূল্য সহনীয় পর্যায়ে রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখিবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(২) এ প্রদত্ত ক্ষমতাবলে টিসিবি কর্তৃক আর্জেন্টিনা হইতে আমদানিকৃত ২,০০০ (দুই হাজার) মেঃ টন রিফাইন্ড সয়াবিন তেল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিয়া সরাসরি সর্বসাধারণ, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয়, ট্রেড ও ডিলিং লাইসেন্স হোল্ডারদের নিকট বিক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান ৪% ব্যবসায়ী পর্যায়ের মূসক হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ ফাইজুর রহমান  
প্রথম সচিব (মূসক অব্যাহতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৮১)

মূল্য : টাকা ৪.০০